



## ইসরায়েলকে লক্ষ্য করে ছতিদের ক্ষেপণাস্ত্র হামলা



সংগৃহীত ছবি

ইসরায়েলকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইয়েমেনের ছতি বিদ্রোহী গোষ্ঠী। হামলার পর তেল আবিব, জেরুজালেম সংলগ্ন এলাকা ও মধ্য ইসরায়েলের বিভিন্ন অঞ্চলে সতর্কতামূলক সাইরেন বেজে ওঠে।

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানিয়েছে, ইয়েমেন থেকে ছোড়া ক্ষেপণাস্ত্র প্রতিহত করতে তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয়েছে। পরিস্থিতি পর্যবেক্ষণে নিরাপত্তা বাহিনী সর্বোচ্চ সতর্কতায় রয়েছে বলেও জানানো হয়।

হামলার ঘটনায় বিভিন্ন এলাকায় সাধারণ মানুষের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেককে নিরাপদ আশ্রয়ে যেতে দেখা গেছে বলে স্থানীয় গণমাধ্যম জানিয়েছে।

এর আগে লেবানন ও ইরান ইস্যুকে কেন্দ্র করে ইসরায়েলের সঙ্গে আঞ্চলিক উত্তেজনা বেড়ে যায়। ইরানের ক্ষেপণাস্ত্র হামলার পর পাল্টা বিমান অভিযানও চালায় ইসরায়েল। বিশ্লেষকদের মতে, নতুন করে ছতিদের সরাসরি হামলা মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতকে আরও বিস্তৃত ও জটিল করে তুলতে পারে।